

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২৮.১৮-৪২০

তারিখঃ ১৪.০৬.২০১৮ খ্রি:।

বিষয়: মহামান্য হাইকোর্ট ও সুপ্রিমকোর্টের রায় বাস্তবায়নপূর্বক রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলাধীন চর কাশিমপুর আলিম মাদরাসার শিক্ষক জনাব আজমাল হুসাইনকে ইবতেদায়ী ক্বারী পদে এমপিওভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

১. অধ্যক্ষ, চর কাশিমপুর আলিম মাদরাসা এর আবেদন

তারিখ: ২৫.০৮.২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, অধ্যক্ষ, চর কাশিমপুর আলিম মাদরাসা কর্তৃক সূত্রোক্ত স্মারকে এ অধিদপ্তরে একটি আবেদন দাখিল করা হয়।

০২. দাখিলকৃত আবেদনে মহামান্য হাইকোর্ট ও সুপ্রিমকোর্টের রায় বাস্তবায়নপূর্বক তাঁর মাদরাসার শিক্ষক জনাব আজমাল হুসাইনকে ইবতেদায়ী ক্বারী পদে এমপিওভুক্তকরণের জন্য আবেদন করা হয়।

০৩. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র পর্যালোচনায় দেখা যে, সকল নিয়োগকার্য সুষ্ঠুভাবে সম্পন্নপূর্বক জনাব আজমাল হুসাইন বিগত ১৬.০১.২০১৮ খ্রি: তারিখে চর কাশিমপুর আলিম মাদরাসায় ইবতেদায়ী ক্বারী পদে যোগদান করেন।

০২. পরবর্তীতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে এমপিওভুক্তির জন্য একাধিক বার (২৬.০৬.২০০৮, ০৪.০৮.২৫.০০৯.১৫.১০.২০০৯) আবেদন করা হয় মর্মে অধ্যক্ষ, চর কাশিমপুর আলিম মাদরাসা কর্তৃক দাখিলকৃত আবেদনে উল্লিখিত হয়েছে।

০৩. এমপিওভুক্তির জন্য একাধিক বার আবেদন করা সত্ত্বেও বর্ণিত পদে এমপিওভুক্ত হতে না পারায় জনাব আজমাল হুসাইন কর্তৃক এমপিওভুক্তির বিষয়ে প্রতিকার চেয়ে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন দায়ের করা হয় যার নং-৩৪১৯/১০ (কপি সংযুক্ত)। মহামান্য হাইকোর্ট কর্তৃক জনাব আজমাল হুসাইন এর এমপিওভুক্তির বিষয়ে নিম্নোক্তরূপে রায় প্রদান করা হয়-

In the facts and circumstances, observations and finding made hereinabove we are of the view that since the petitioner is the qualified to be enlisted in the list of MPO in the post of Ebtadaye Quari as such the respondents concern are hereby directed to enlist his name in the list of MPO within a period of 90 (ninety) days from the date of receipt of the copy of this judgment and order if he is found otherwise qualified as per the requirements as provided in the said Janobal Kathamo, 2010 giving effect from the date of his appointment.  
In the result, the Rule is made absolute.

০৫. এরপর মাদরাসা কর্তৃপক্ষ কর্তৃক মহামান্য হাইকোর্টের উপরিউক্ত রায়ের ( are hereby directed to enlist his name in the list of MPO in the post of Ebtaday Quari) বিরুদ্ধে মহামান্য সুপ্রিম কোর্টে আপিল দায়ের করা হয়।

০৬. আপিলের বিষয় পর্যালোচনাতে মহামান্য সুপ্রিম কোর্ট বিভাগ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগের রায়কে বহাল রেখে নিম্নোক্তরূপে রায় প্রদান করা হয় (কপি সংযুক্ত)-

The leave petition is out of time by 907 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory.

Accordingly, the Civil Petition for leave to appeal is dismissed as barred by limitation.


০৬. উপরিউক্ত মতে চর কাশিমপুর আলিম মাদরাসার শিক্ষক জনাব আজমাল হুসাইনকে ইবতেদায়ী ক্বারী পদে এমপিওভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রয়োজন।

০৭. এমতাবস্থায় মহামান্য হাইকোর্ট ও সুপ্রিমকোর্টের রায় বাস্তবায়নপূর্বক রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলাধীন চর কাশিমপুর আলিম মাদরাসার শিক্ষক জনাব আজমাল হুসাইনকে ইবতেদায়ী ক্বারী পদে এমপিওভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মতে ০৪ ফর্দ।

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।  
দৃষ্টি আকর্ষণ: গোষ্ঠামার-১, ই, এম, আই, এস সেল, মাউশি অধিদপ্তর।  
অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. উপ-পরিচালক, মাউশি অধিদপ্তর, রাজশাহী অঞ্চল।
৩. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।
৫. অফিস কপি।

  
14.06.18

(মো:আফাজ উদ্দীন)

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

ফোন: ৪১০৩০১৬৭

ই-মেইল: dgdmeb@gmail.com